

💵 ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ মহিলার সাজ-সজ্জা রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

কান ও তার অলঙ্কার

কান আল্লাহর দেওয়া একটি নিয়ামত। এই নিয়ামত সম্পর্কে কিয়ামতে সকলকে জবাবদিহি করতে হবে। অতএব কানে তাই শোনা উচিত, যাতে আল্লাহর সম্ভুষ্টি ও অনুমতি আছে। আল্লাহর দেওয়া এই কান দিয়ে গান-বাজনা, গীবত, চুগলী ইত্যাদি শোনা হারাম। হারাম কানাচি পেতে কারো গোপন কথা শোনা। কান ফুঁড়িয়ে অলঙ্কার ব্যবহার মহিলার জন্য বৈধ। কথিত আছে যে, সর্বপ্রথম বিবি হাজার (হাজেরা) কান ফুঁড়িয়েছিলেন।[1] আল্লাহর রসূল (ﷺ) এর যুগে মহিলারা কান ফুঁড়িয়ে তাতে অলঙ্কার ব্যবহার করতেন। একদা রসূল (ৠ) ঈদের খুতবায় মহিলাদেরকে নসীহত করে সদকাহ করতে বললেন। তা শুনে মহিলারা নিজ নিজ কানের অলংকার ও হাতের আংটি সদকাহ করেছিলেন।[2]

ফুটনোট

- [1]. আল-বিদায়াহ অন-নিহায়াহ ১/১৫৪
- [2]. বুখারী তাওহীদ পাবঃ হা/ ৯৮, মুসলিম আল-মাকতাবাতুশ-শামেলা হা/৭৯

• Source — https://www.hadithbd.com/books/link/?id=7873

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন